

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২
সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
ই-মেইলঃ-narayanganjpbs2@gmail.com
Website:pbs2.narayanganj.gov.bd



স্মারক নং- ২৭.১২.৬৭৬৮.৫৭৯.০১.০৩৫.২৩.২৮৯৭

তারিখ: ১০ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

“কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে যানবাহন বীমা নবায়নের জন্য দরপত্র আহবান”

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিজস্ব তহবিল আওতায় ০১ (এক) টি সিঙ্গেল ক্যাব পিক আপ গাড়ী এবং ০৫ (পাঁচ) টি মটর সাইকেল এর কমপ্রিহেনসিভ বীমা (ইন্সুরেন্স) করণের জন্য নিম্নোক্ত বিবরণ মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত বীমা কোম্পানীর নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।


| দরপত্র নং | ক্রঃ নং | যানবাহনের বিবরণ | ক্রয় মূল্য | উদ্ধৃত প্রিমিয়াম এর পরিমাণ |
|-----------|---------|---|--------------|-----------------------------|
| ৫২/২২-২৩ | ০১ | সিঙ্গেল ক্যাব পিক আপ নারায়ণগঞ্জ- ম-১১-০০০৯ | ২৩,৫০,০০০.০০ | |
| | ০২ | মোটর সাইকেল নারায়ণগঞ্জ- হ-১১-৪০২ | ১,৩৫,৫০০.০০ | |
| | ০৩ | মোটর সাইকেল নারায়ণগঞ্জ- হ-১১-৪০৫ | ১,৩৫,৫০০.০০ | |
| | ০৪ | মোটর সাইকেল নারায়ণগঞ্জ- হ-১১-৪০৬ | ১,৩৫,৫০০.০০ | |
| | ০৫ | মোটর সাইকেল নারায়ণগঞ্জ- হ-১১-৪০৮ | ১,৩৫,৫০০.০০ | |
| | ০৬ | মোটর সাইকেল নারায়ণগঞ্জ- হ-১১-৪১০ | ১,৩৫,৫০০.০০ | |
| | | মোট= | | |

কথায়ঃ

শর্তাবলীঃ


- ০১। আগ্রহী বীমা দরদাতা প্রতিষ্ঠানকে আগামী ৩১/০৫/২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা এ রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত দরপত্র সমূহ একই দিনে বেলা ১১.০৫ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। দরপত্রের খামের উপরে “যানবাহন বীমা নবায়নের দরপত্র” কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র খামে সীলগালা ব্যবহার পূর্বক উপরের ছক অনুযায়ী দাখিল করতে হবে।
- ০৩। দরপত্রে উদ্ধৃত মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর প্রত্যয়ন পত্র, IDRA প্রাপ্ত সনদ, ব্যাংক সলভেন্সি সনদ এবং BIN সার্টিফিকেট এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ০৪। বীমার ধরণ হবে কমপ্রিহেনসিভ (ব্যাপক ঝুঁকি বীমা)। কোন ঝুঁকি বাদ দিয়ে দরপত্র দাখিল করা যাবে না। দরপত্রে সর্বশেষ বৎসরের ইপিএস/এনএভি উল্লেখ করতে হবে।
- ০৫। Bangladesh Motor Tariff Rule অনুযায়ী দর দাখিল করতে হবে অথাৎ বর্ণিত যানবাহন সমূহের Private Use বিবেচনায় Premium প্রদানের ক্ষেত্রে Basic, FIV, NCB, Act Liability Premium ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং সকল প্রকার ঝুঁকি গ্রহণ করা হয়েছে মর্মে প্রত্যয়ন পত্র দাখিল করবেন। বীমার মেয়াদ হবে ০১ (এক) বছর।
- ০৬। সফল দরদাতা কার্যাদেশ প্রাপ্ত হলে বর্ণিত বীমার বিপরীতে Schedule of Policy প্রদান করতে হবে।
- ০৭। দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির পর কার্যাদেশে উল্লেখিত সময়সীমার মধ্যে বীমার চেক গ্রহণ পূর্বক ০১ (এক) বছরের জন্য বীমা প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে।

- ০৮। দরপত্র সম্পর্কে কাহারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিত ভাবে অনুরোধ করতে হবে।
- ০৯। নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১০। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হবে।


(প্রকৌঃ মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (বহল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, (এসওডি) বাপবিবো, নারায়ণগঞ্জ।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- ০৫। সকল ডিজিএম, নারায়ণগঞ্জ পবিস-২।
- ০৬। সকল এজিএম, নারায়ণগঞ্জ পবিস-২।
- ০৭। এজিএম (আইটি-১/২), নারায়ণগঞ্জ পবিস-২ (ওয়েব সাইটে প্রকাশ নিশ্চিত করবেন)।
- ০৮। মের্সাস.....।
- ০৯। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-২।
- ১০। অফিস কপি/ মাস্টার কপি।


24.05.23
(ইন্দ্রজিত চন্দ্র)
এজিএম (প্রশাসন)